

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 15-11-2025**

**Time: 1.40 P.M.**

দিনির লালকে়লার সামনে বিস্ফোরণে কাণ্ডে জড়িত সন্দেহে উত্তর দিনাজপুরের ডালখোলার সুরজাপুর বাজারের কাছ থেকে NIA, নুর আলম নামে এক যুবককে আটক করেছে। সে হরিয়ানার ফরিদাবাদের আল ফালাহ বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল ছাত্র বলে জানা গেছে। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। আত্মীয়ের অনুষ্ঠানবাড়িতে সে এখনে এসেছিল। সুত্রের খবর তার আদি বাড়ি উত্তর দিনাজপুরেই।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, এর আগেও বিভিন্ন জায়গায় বিস্ফোরণের ঘটনায় এরাজ্যের নাম জড়িয়েছে। আজ মালদায় দলের সাংগঠনিক বৈঠকে যোগ দেওয়ার আগে, সাংবাদিকদের মুখোমুখি হয়ে শ্রী মজুমদার বলেন, জঙ্গিদের সহায়তা করে ত্রুটি কংগ্রেস।

**(বাইট - সুকান্ত)**

মালদা উত্তর ও দক্ষিণ এবং দুই দিনাজপুরে বিজেপি-র প্রতিনিধিদের সঙ্গে আজ মালদায় সাংগঠনিক বৈঠক করেন, বিজেপি নেতা সুনীল বনসল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার এজরা স্ট্রীটে বৈদ্যুতিন সামগ্রির দোকান ও গুদামে লাগা আগুন এখন অনেকটাই নিয়ন্ত্রণে। দমকলের বেশ কয়েকটি গাড়ি এখনও ঘটনাস্থলে রয়েছে। ঘিঞ্জি এলাকা হওয়ায় আগুন নেভাতে বেগ পেতে হচ্ছে দমকল কর্মীদের। খবর পেয়ে ঘটনাস্থলে যান দমকলমন্ত্রী সুজিত বসু, মেয়র ফিরহাদ হাকিম এবং দমকলের ডিজি। আজ সকালে ওই গুদামে আগুন লাগে। ভেতরে দাহ্য পদার্থ থাকায় খুব দ্রুত তা ছড়িয়ে

পড়ে। কালো ধোঁয়ায় টেকে যায় চারপাশ। এই ঘটনায় ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বাধীনতা সংগ্রামী, আদিবাসী নেতা ধরতি আবা বীরসা মুভার জন্মদিনটি আজ জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপিত হচ্ছে। আদিবাসী সমাজের ইতিহাসকে স্মীকৃতি দিতে, কেন্দ্রীয় ১৫ নভেম্বর দিনটি জনজাতীয় গৌরব দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এর অঙ্গ হিসেবে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, কর্মসূচি, প্রদর্শনী এবং শিক্ষামূলক কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে জনজাতীয় গৌরব সপ্তাহও।

এরাজ্যগু দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকারের উদ্যোগে ১৫ টি জেলার ১০২ টি আদিবাসী প্রধান বুকে আজ শুরু হয়েছে জয় জোহর মেলা। চলবে ১৭ ই নভেম্বর পর্যন্ত। এই উপলক্ষে আদিবাসী মানুষজনকে বিভিন্ন সরকারি পরিষেবা প্রদান ও সেই সংক্রান্ত সচেতনতামূলক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। রাজ্য সরকার বীরসা মুভার জন্মদিনে আজ ছুটি ঘোষণা করেছে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস ও মুখ্যমন্ত্রী মমতা ব্যনার্জী ধরতি আবার সার্ধ শত জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শন্দা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

‘এক ভারত শ্রেষ্ঠ ভারত’ কর্মসূচির অঙ্গ হিসেবে ঝাড়খণ্ড রাজ্যের প্রতিষ্ঠা দিবস এবং ধরতি আবা ভগবান বীরসা মুভার ১৫০তম জন্মজয়ন্তী আজ কলকাতা রাজভবনে যথাযথ মর্যাদায় উদ্ব্যাপন করা হয়। উপস্থিতি ছিলেন বিশিষ্ট ব্যক্তিত্ব, শিল্পী এবং বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রতিনিধিরা। অনুষ্ঠানে রাজ্যপাল সি ভি আনন্দ বোস, ভগবান বীরসা মুভার প্রতি গভীর শন্দা জানান। আদিবাসী সমাজের অধিকার রক্ষায় বীরসা মুভার আত্মত্যাগ আজও দেশবাসীকে অনুপ্রাণিত করে।

বীরসা মুন্ডার নামে পুরস্কার প্রদানের কথা ঘোষণা করে রাজ্যপাল বলেন, এর মাধ্যমে পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের মোট ২৫০ জন ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করা হবে।

অনুষ্ঠানে ঝাড়খণ্ডের রাজ্যপাল শ্রী সন্তোষ কুমার গঙ্গোয়ার-এর একটি ভিডিও বার্তা সকলকে শোনানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলগুড়ির স্যালেসিয়ান কলেজে দুদিনের রোজগার মেলা আজ শুরু হয়েছে। এই মেলায় ভারতের ৫০ টি কোম্পানিতে বারো হাজার কর্মী নিয়োগ করা হবে বলে খবর। প্রথম দিনে আজ উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত কুমার রায়, রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রীংলা, বিজেপির রাজ্য সভাপতি, শ্রমীক ভট্টাচার্য প্রমুখ। রাজ্যপাল সি ভি আনন্দ বোস আগামীকাল রোজগার মেলায় সফল প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের অন্যান্য অংশের সঙ্গে সুন্দরবনেও আগামী ২৬ নভেম্বর শুরু হচ্ছে সর্বভারতীয় বাঘ গণনা বা অল ইন্ডিয়া টাইগার এস্টিমেশন। চার বছর অন্তর আয়োজিত এই গণনার সর্বশেষ পর্ব হয়েছিল ২০২১-২২ সালে। বন দফতর জানিয়েছে, এবার সুন্দরবন ব্যাস্ত প্রকল্প ও ২৪ পরগনা বন বিভাগ এলাকায় একসঙ্গে ক্যামেরা ট্র্যাপিংয়ের মাধ্যমে ৪৫ দিন ধরে বাঘের ছবি তোলা হবে। ব্যবহৃত হবে সাতশোর বেশি স্বয়ংক্রিয় ইনফ্রা-রে ক্যামেরা। এই কাজে অংশ নেবেন প্রায় ৩৫০ জন বনকর্মী। ইতিমধ্যেই তাঁদের তিন দিন ব্যাপী বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। জানুয়ারির প্রথম সপ্তাহে ক্যামেরা খুলে নিয়ে ছবি বিশ্লেষণ করে নির্ধারিত হবে সুন্দরবনে বাঘের বর্তমান সংখ্যা।

উল্লেখ্য, সর্বশেষ বাঘ সুমারিতে সুন্দরবনে বাঘের সংখ্যা ছিল ১০১। তবে বন দফতরের দাবি, গত বছর বহু ব্যাস্ত শাবকের ছবি ধরা পড়ায় এবার সংখ্যাটা আরও বাড়বে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি হরিণ, বুনো শুকরসহ বাঘের পর্যাপ্ত খাদ্য রয়েছে কিনা, তা পরীক্ষা করতে নদী ও খাঁড়িতে নৌকা নিয়ে টহল দেবেন বনকর্মীরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ষীয়ান অভিনেত্রী ভদ্রা বসু প্রয়াত। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ছিলেন তিনি। মস্তিষ্কে রক্তক্ষরণের জন্য সম্প্রতি তাঁর অস্ত্রপচার হয়েছিল। মেয়ে দামিনী বসু আজ এই মৃত্যু সংবাদ সমাজমাধ্যমে জানিয়েছেন। গতকাল রাত বারোটা নাগাদ তাঁর মৃত্যু হয়। আজ নিমতলা ঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে। মঞ্চ এবং বড় পর্দা দু ক্ষেত্রেই সাবলীল অভিনয় করেছেন তিনি। প্রথ্যাত নাট্য নির্দেশক তথা অভিনেতা অসিত বসুর স্ত্রী, ভদ্রা বসু সুমন মুখোপাধ্যায়ের 'পুতুলনাচের ইতিকথা' এবং অনিলাভ চট্টোপাধ্যায়ের 'বেলা' ছবিতে অভিনয় করেছেন। 'বেলা'ই তাঁর অভিনীত শেষ ছবি। একাধিক জনপ্রিয় নাটক পরিচালনা করেছেন তিনি। যার মধ্যে গওহরজান অন্যতম। সিনেমা ও নাট্য জগতের বহু অভিনেতা-অভিনেত্রী তাঁর প্রয়াণে সমাজমাধ্যমে গভীর শোক প্রকাশ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে প্রথম ক্রিকেট টেস্টে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ভারত ১৮৯ রানে তাদের প্রথম ইনিংস শেষ করেছে। কে এল রাহুল ৩৯, ওয়াশিংটন সুন্দর ২৯, ঋষভ পন্থ, রবীন্দ্র জাদেজা দুজনেই ২৭ রান করেছেন। দক্ষিণ আফ্রিকার সাইমন হারমার চার উইকেট নিয়েছেন। ভারত প্রথম ইনিংসে দক্ষিণ আফ্রিকার চেয়ে ৩০ রানে এগিয়ে রয়েছে। দক্ষিণ আফ্রিকা প্রথম ইনিংসে করেছিলো ১৫৯ রান।

ব্যাট করতে নেমে ৪ রান করার পর ঘাড়ের ব্যথার কারণে ড্রেসিংরুমে ফিরে যান ভারত অধিনায়ক শুভমন গিল। বিসি সি আই এর তরফে জানানো হয়েছে, শুভমনের শারীরিক অবস্থার উপর নজর রাখা হচ্ছে। তিনি ম্যাচে ব্যাট করতে নামবেন কিনা তার শারীরিক অবস্থার উপর নির্ভর করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০